গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
www.sherpur.gov.bd

নং- ০৫.৪৫.৮৯০০.০০০.০০১.৩১.০০০২.২৫- ৮২৫ তারিখ: ১১ ডিসেম্বর ২০২৫ খ্রি.

বিষয়: <u>ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে নির্বাচনি এলাকায় বিদ্যমান সকল প্রকার নির্বাচনি প্রচারণা সামগ্রী অপসারণ প্রসঙ্গে</u>

সূত্র : নিকস ঢাকা এর স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৩৬৩, তারিখ: ১০ ডিসেম্বর ২০২৫ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট অনুষ্ঠানের লক্ষ্যে তফসিল ঘোষণা করা হয়েছে। উক্ত নির্বাচনের সম্ভাব্য প্রার্থীগণের পোস্টার, ব্যানার, দেয়াল লিখন, বিলবোর্ড, গেইট, তোরণ বা ঘের, প্যান্ডেল ও আলোকসজ্জা ইত্যাদি প্রচার সামগ্রী ও নির্বাচনি ক্যাম্প থাকলে তা সংশ্লিষ্ট সম্ভাব্য প্রার্থী/ব্যক্তিগণকে তফসিল ঘোষণার পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে নিজ খরচে/দায়িত্বে অপসারণ করার জন্য নির্বাচন কমিশন সচিবালয় হতে নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিতাবস্থায়, শেরপুর জেলার ০৩ (তিন) টি নির্বাচনি এলাকার সম্ভাব্য প্রার্থী/ব্যক্তিগণকে তফসিল ঘোষণার পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে উপর্যুক্ত প্রচারণা সামগ্রীসমূহ নিজ খরচে/দায়িত্বে অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

তরফদার মাহমুদুর রহমান
জেলা প্রশাসক, শেরপুর
ও
রিটার্নিং অফিসার
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন

প্রাপক,

........................

........................

নং-১৭.০৯.৮৯০০.০০০.৪৪.০০২.২৫- ৮২৫ তারিখ: ১১ডিসেম্বর ২০২৫ খ্রি.

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
৩। উপ মহাপুলিশ পরিদর্শক, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ
৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
৫। পুলিশ সুপার, শেরপুর [প্রচার সামগ্রী অপসারণ সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা জরুরি ভিত্তিতে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো]
৬। উপজেলা নির্বাহী অফিসার, সকল, শেরপুর [প্রচার সামগ্রী অপসারণ সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা জরুরি ভিত্তিতে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো]
৭। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, শেরপুর
৮। জেলা তথ্য অফিসার, শেরপুর [প্রচার সামগ্রী অপসারণ সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা জরুরি ভিত্তিতে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো]
৯। উপজেলা নির্বাচন অফিসার, সকল, শেরপুর
১০। অফিসার-ইন-চার্জ শেরপুর সদর, শেরপুর [প্রচার সামগ্রী অপসারণ সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা জরুরি ভিত্তিতে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো]
১১। ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা,............... ইউনিয়ন (সকল) [প্রচার সামগ্রী অপসারণ সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা জরুরি ভিত্তিতে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো]
১২। নোটিশ বোর্ড

জেলা প্রশাসক, শেরপুর
ও
রিটার্নিং অফিসার
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন